গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
প্রোগ্রামার: আইসিটি শাখা

**বিষয়: ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | মোঃ রাহেদ হোসেন<br>পরিচালক |
| সভার তারিখ | ১৪ ফেব্রুয়ারি ২০২৩ |
| সভার সময় | দুপুর ২:০০ টা |
| স্থান | সভাকক্ষ, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক'। |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে কার্যসূচি অনুযায়ী আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য প্রোগ্রামার জনাব ইফতেখার উদ্দিন আহাম্মদ-কে অনুরোধ জানান। সভায় ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ বাস্তবায়নের লক্ষ্যে কার্যক্রমসমূহ বাস্তবায়ন সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | [১.১] সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন | সভায় অবহিত করা হয় যে, সেবা সহজীকরণের লক্ষ্যে 'অনলাইন ঠিকাদার তালিকাভুক্তি' সেবাটি এটুআই কর্তৃক নির্বাচিত করা রয়েছে। এই সেবাটি ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা অনুযায়ী ০৪/০৫/২০২৩ তারিখের মধ্যে বাস্তবায়ন করা প্রয়োজন। সেবাটি বাস্তবায়নের জন্য ইতঃমধ্যে সহকারী প্রকৌশলী জনাব মোঃ ইমরান হোসাইন খান, সফটওয়্যারের সম্ভাব্য ডিজাইন কাঠামো প্রস্তুত করেছিলেন। মন্ত্রিপরিষদ বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, মাউশি ও ইইডি'র আইসিটি বিষয়ক কর্মকর্তাগণের সমন্বয়ে একটি টেকনিকাল কমিটি গঠণ করার সম্ভাব্যতা সম্পর্কে আলোচনা হয়।<br>সভায় উপপরিচালক (প্রশাসন), প্রধান কার্যালয়ের স্টোর ম্যানেজমেন্টের জন্য একটি স্টোর ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যার তৈরি করার প্রস্তাব করেন। | দুইটি সফটওয়্যারের মধ্যে সম্ভাব্যতা যাচাই করে একটি সফটওয়্যার তৈরি করতে হবে। | ১. উপপরিচালক (প্রশাসন)<br>২. উপপরিচালক (অর্থ)<br>৩. প্রোগ্রামার, আইসিটি শাখা<br>৪. সহ: প্রকৌ:, জনাব ইমরান হোসাইন খান |
| | [১.২] ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ প্রস্তুত করা এবং সেবাসমূহ চালু রাখা | ইতঃপূর্বে বাস্তবায়িত ডিজিটাইজড সেবা হিসেবে পার্সোনাল ইনফর্মেশন ম্যানেজমেন্ট সিস্টেম (PIMS) প্রস্তুত করা হয়েছে। এই সিস্টেম হতে সর্বোচ্চ সুফল পেতে এতে কিছু মডিফিকেশন করার প্রস্তাব দেন তত্ত্বাবধায়ক প্রকৌশলী জনাব সমীর কুমার রজক দাস।<br>ইতঃপূর্বে বাস্তবায়িত শিক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন "শিক্ষা প্রতিষ্ঠানসমূহের ডাটাবেজ উন্নয়ন উপাত্ত" এবং "উন্নয়ন প্রকল্পের অগ্রগতির প্রতিবেদন অনলাইনে আপলোড করণ" সেবা দুইটি কার্যকর ও হালনাগাদ করার বিষয়ে আলোচনা করা হয়। | (১) PIMS-এ সকল কর্মকর্তা-কর্মচারীগণের হালনাগাদকৃত তথ্য প্রতিবেদন ২২/০২/২০২৩ তারিখের মধ্যে প্রধান প্রকৌশলীর নিকট দাখিল করতে হবে।<br>(২) কর্মকর্তা-কর্মচারীগণের তথ্য পদভিত্তিক যাচাই করে সংশোধন, সংযোজন ও বিয়োজন করে চূড়ান্ত করার জন্য প্রশাসনিক কর্মকর্তা জনাব মো. আমিনুল ইসলাম-কে দায়িত্ব প্রদান করা হয়। | ১. প্রোগ্রামার, আইসিটি শাখা<br>২. সহ: প্রকৌ:, জনাব রতীশ চন্দ্র সেন<br>৩. প্রশাসনিক কর্মকর্তা, জনাব মো. আমিনুল ইসলাম |

| | | | | |
|---|---|---|---|---|
| | [ ১.৩] ডি-নথির ব্যবহার বৃদ্ধি | সভায় জানানো হয়, এটুআই কর্তৃক প্রধান কার্যালয়ের ই-নথি সিস্টেম আগামী মার্চে ডি-নথি সিস্টেমে রূপান্তর করা হবে। মাঠ পর্যায়ের ৯টি সার্কেল ও রাজবাড়ী, যশোর ও সিলেট জেলা অফিসকে ডি-নথি সিস্টেমে অন্তর্ভুক্ত করা হয়েছে। এ সকল অফিসের কর্মকর্তা-কর্মচারীগণকে প্রশিক্ষণ প্রদান করার জন্য ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। | ডি-নথি সিস্টেমে দাপ্তরিক কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে প্রধান কার্যালয়, সার্কেল ও সিস্টেমে অন্তর্ভুক্ত জেলাসমূহের কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | ১. প্রোগ্রামার, আইসিটি শাখা<br>২. প্রশাসনিক কর্মকর্তা, জনাব মো. আমিনুল ইসলাম |
| | [১.৪] ৪র্থ শিল্প বিল্পবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় আইন/পলিসি/ কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বিষয়ভিত্তিক কর্মশালা আয়োজন | সভায় জানানো হয়, ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে কর্মপরিল্পনা ২০২২-২৩ অনুযায়ী ২টি কর্মশালা আয়োজন করতে হবে। | ৩য় ত্রৈমাসিকে ২২/০২/২০২৩ ও ২৩/০২/২০২৩ তারিখে দুইটি কর্মশালা আয়োজন করতে হবে। | ১. পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>২. উপপরিচালক (প্রশাসন)<br>৩. প্রোগ্রামার, আইসিটি শাখা |
| ২ | [২.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করা হচ্ছে মর্মে সভায় অবহিত করা হয়। মাঠ-পর্যায়ের ওয়েবসাইট নিয়মিত আপডেটেড রাখার বিষয়ে মনিটরিং করার জন্য সহকারী প্রকৌশলী মোছা: ফারজানা ইয়াসমিনকে দায়িত্ব প্রদান করা হয়েছে। তিনি মাঠ-পর্যায়ের অফিসসমূহের সাথে এ বিষয়ে কাজ করছেন। | মাঠ পর্যায়ের সার্কেল ও জেলা অফিসের ওয়েবসাইটসমূহ নিয়মিত হালনাগাদ করার জন্য পত্র প্রদান করতে হবে। | ১. প্রোগ্রামার, আইসিটি শাখা<br>২. সহ: প্রকৌ:, মোছা: ফারজানা ইয়াসমিন |
| | [২.২] ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | সভায় জানানো হয়, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২২-২৩ বাস্তবায়নের জন্য প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ৪টি প্রশিক্ষণ আয়োজন করতে হবে। ইতঃমধ্যে একটি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। ৩য় ত্রৈমাসিকে ২টি এবং ৪র্থ ত্রৈমাসিকে ১টি প্রশিক্ষণ করার বিষয়ে আলোচনা হয়।<br>ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থের কত শতাংশ ব্যয়িত হয়েছে সে তথ্য উপপরিচালক (অর্থ)-কে প্রদান করার জন্য অনুরোধ জানানো হয়।<br>সভায় সকলকে অবহিত করা হয় যে, ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনার স্বমূল্যায়ন প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করা হয়েছে। আগামী অর্ধ-বার্ষিক প্রতিবেদন নির্ধারিত সময়ে প্রেরণ করার ব্যাপারে আশাবাদ ব্যক্ত করা হয়। | ৩য় ত্রৈমাসিকে ২টি প্রশিক্ষণ আগামী ২৭/০২/২০২৩ ও ২৮/০২/২০২৩ তারিখে আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>২. উপপরিচালক (প্রশাসন)<br>৩. প্রোগ্রামার, আইসিটি শাখা |

২.০ আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ রাহেদ হোসেন
পরিচালক

স্মারক নম্বর: ৩৭.০৭.০০০০.০১৯.৩২.০০২.২২.২৮

তারিখ: ১৪ ফাল্গুন ১৪২৯

২৭ ফেব্রুয়ারি ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অতিরিক্ত সচিব, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

২) অতিরিক্ত সচিব , উন্নয়ন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৩) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৪) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৫) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, স্ট্রাকচারাল ডিজাইন: অধিশাখা-৩, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর

৬) উপপরিচালক, উপপরিচালক, প্রশাসন: অধিশাখা-৬, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর

৭) নির্বাহী প্রকৌশলী (পুর): ডেস্ক- ১/২/৩/৪, ডিজাইন/বিদ্যুৎ, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর

৮) প্রোগ্রামার, প্রোগ্রামার: আইসিটি শাখা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৯) উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপপরিচালক, অর্থ: অধিশাখা-৭, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর

১০) প্রধান প্রকৌশলীর স্টাফ অফিসার, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর

১১) সহকারী প্রকৌশলী: পুর/ডিজাইন/বিদ্যুৎ/যান্ত্রিক, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর

১২) হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর

১৩) উপসহকারী প্রকৌশলী: পুর/যান্ত্রিক/বিদ্যুৎ, উপসহকারী স্থপতি/ড্রাফটসম্যান, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর

১৪) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর

১৫) সহকারী প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর

১৬) জনাব, ..............................................

১৭) পিএ টু প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর (প্রধান প্রকৌশলীর মহোদয়ের জ্ঞাতার্থে)

১৮) পিএ টু পরিচালক (প্রশাসন ও অর্থ), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর (পরিচালক মহোদয়ের জ্ঞাতার্থে)

(ইফতেখার উদ্দিন আহাম্মদ)
প্রোগ্রামার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
আইসিটি শাখা

## ইতোপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভার কার্যবিবরনী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ রাহেদ হোসেন<br>পরিচালক (প্রশাসন) |
| সভার তারিখ | ১৫ ডিসেম্বর ২০২১ |
| সভার সময় | বিকেল ৩:০০ টা |
| স্থান | সভাকক্ষ, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর। |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

সভার শুরুতে সভাপতি সভার সকল সদস্য-কে শুভেচ্ছা জানিয়ে কার্যসূচি অনুযায়ী আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য উপপরিচালক (প্রশাসন)-কে অনুরোধ করেন। সভায় শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ইতোপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহের বাস্তবায়ন বিষয়ে বিস্তারিত পর্যালোচনা করা হয়। অত:পর সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

সিদ্ধান্ত-১: ইতোপূর্বে বাস্তবায়িত (ক) শিক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহের ডাটাবেজ উন্নয়ন উপাত্ত এবং (খ) উন্নয়ন প্রকল্পের অগ্রগতির প্রতিবেদন অনলাইনে আপলোডকরণ শীর্ষক উদ্ভাবনী ধারণা দুটির অগ্রগতির প্রতিবেদন আগামী ৩১/১২/২০২১ তারিখের মধ্যে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ দাখিল করবেন।

সিদ্ধান্ত-২: ইত:পূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণার সফটওয়্যার দুটি National Data Centre-এ হোস্টিং করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ রাহেদ হোসেন
পরিচালক (প্রশাসন)

স্মারক নম্বর: ৩৭.০৭.০০০০.০১৯.৩২.০০২.২১.২০৫

তারিখ: ৭ পৌষ ১৪২৮
২২ ডিসেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অতিরিক্ত সচিব , প্রশাসন ও অর্থ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
২) অতিরিক্ত সচিব , উন্নয়ন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৩) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৪) তত্ত্বাবধায়ক প্রকৌশলী-১/২/৩, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়
৫) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর(সকল সার্কেল )।

১-৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
আইসিটি শাখা
www.eedmoe.gov.bd
শিক্ষা ভবন, নবাব আব্দুল গনি রোড, ঢাকা-১০০০

**ইতোপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভার কার্যবিবরনী**

| | |
|---|---|
| সভাপতি | মোঃ রাহেদ হোসেন<br>পরিচালক (প্রশাসন) |
| সভার তারিখ | ২২ আগস্ট ২০২১ |
| সভার সময় | বিকেল ৩:০০ টা |
| স্থান | সভাকক্ষ, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর। |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

সভার শুরুতে সভাপতি সভার সকল সদস্য-কে শুভেচ্ছা জানিয়ে কার্যসূচি অনুযায়ী আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য উপপরিচালক (প্রশাসন)-কে অনুরোধ করেন। সভায় শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ইতোপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহের বাস্তবায়ন বিষয়ে বিস্তারিত পর্যালোচনা করা হয়। অত:পর সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

সিদ্ধান্ত-১: ইতোপূর্বে বাস্তবায়িত (ক) শিক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহের ডাটাবেজ উন্নয়ন উপাত্ত এবং (খ) উন্নয়ন প্রকল্পের অগ্রগতির প্রতিবেদন অনলাইনে আপলোডকরণ শীর্ষক উদ্ভাবনী ধারণা দুটির অগ্রগতির প্রতিবেদন আগামী ৩১/১২/২০২১ তারিখের মধ্যে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ দাখিল করবেন।

সিদ্ধান্ত-২: ইত:পূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণার সফটওয়্যার দুটি National Data Centre-এ হোস্টিং করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ রাহেদ হোসেন
পরিচালক (প্রশাসন)

স্মারক নম্বর: ৩৭.০৭.০০০০.০১৯.৩২.০০২.২১.২০৫ তারিখ: ২৩ আগস্ট ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অতিরিক্ত সচিব , প্রশাসন ও অর্থ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
২) অতিরিক্ত সচিব , উন্নয়ন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৩) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৪) তত্ত্বাবধায়ক প্রকৌশলী-১/২/৩, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়
৫) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর(সকল সার্কেল )।
৬) সিনিয়র সহকারী সচিব, বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৭) নির্বাহী প্রকৌশলী: ডেস্ক-১/২/৩/৪, ডিজাইন-১/২, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়
৮) নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর (সকল জেলা)।
৯) হিসাবরক্ষণ কর্মকর্তা-১/২/৩, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়
১০) সহকারী প্রোগ্রামার, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১১) পিএ টু-প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়
১২) পিএ টু-পরিচালক (প্রশাসন ও অর্থ), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়

আসাদুজ্জামান
উপপরিচালক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
আইসিটি শাখা

ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবণী।

| | |
|---|---|
| সভাপতি | মোঃ রাহেদ হোসেন<br>পরিচালক (প্রশাসন) |
| সভার তারিখ | ১৫ ডিসেম্বর ২০২১ |
| সভার সময় | দুপুর ০২:০০ টা |
| স্থান | সভাকক্ষ, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর। |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

সভার শুরুতে সভাপতি সভার সকল সদস্য-কে শুভেচ্ছা জানিয়ে কার্যসূচি অনুযায়ী আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য উপপরিচালক (প্রশাসন)-কে অনুরোধ করেন। সভায় শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ বাস্তবায়ন এবং পরবর্তী করণীয় বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। অত:পর সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

সিদ্ধান্ত-১: সভায় বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সেবা সহজিকরন ও ডিজিটাইজকৃত সেবাসমূহের পরিবীক্ষন ও মূল্যায়ন আগামী ৩০/১২/২০২১ তারখের মধ্যে সম্পন্নকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত-২: বার্ষিক কর্মপরিকল্পার ২০২১-২০২২ অনুযায়ী কার্যক্রমসমূহ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের লক্ষ্যে দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাগণকে সচেস্ট থাকতে হবে।

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ রাহেদ হোসেন
পরিচালক (প্রশাসন)

স্মারক নম্বর: ৩৭.০৭.০০০০.০১৯.৩২.০০২.২১.২০৪ তারিখ: ২২ ডিসেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) অতিরিক্ত সচিব , প্রশাসন ও অর্থ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
২) অতিরিক্ত সচিব , উন্নয়ন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৩) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৪) তত্ত্বাবধায়ক প্রকৌশলী-১/২/৩, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়
৫) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর(সকল সার্কেল )
৬) সিনিয়র সহকারী সচিব, বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৭) নির্বাহী প্রকৌশলী: ডেস্ক-১/২/৩/৪, ডিজাইন-১/২, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়
৮) নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর (সকল জেলা)
৯) হিসাবরক্ষণ কর্মকর্তা-১/২/৩, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়
১০) সহকারী প্রোগ্রামার, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১১) পিএ টু-প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়
১২) পিএ টু-পরিচালক (প্রশাসন ও অর্থ), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়।

আসাদুজ্জামান
উপপরিচালক